গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
৯২-৯৩ মহাখালী, বা/এ, ঢাকা-১২১২।
www.ddm.gov.bd

স্মারক নং-৫১.০১.০০০০.১৯.০৯৬.০০৭.২১.৯০

তারিখ: ১৪ ডিসেম্বর, ২০২১খ্রি.
২৯ অগ্রহায়ন, ১৪২৮বা.

প্রেরক: উপপরিচালক (কাবিখা-৩)
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।

প্রাপক: চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
খাদ্য এবং দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
খাদ্য ভবন,১৬,আ: গনি রোড, ঢাকা।

বিষয়: **চলতি ২০২১-২০২২ অর্থ বছরের অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচির (ইজিপিপি)'র ১ম পর্যায়ের কার্যক্রম বাস্তবায়নের নিমিত্ত ঢাকা বিভাগের উপকারভোগীর সংখ্যা ও নন-ওয়েজ কস্ট এর ব্যয় নির্বাহের জন্য নগদ অর্থ বরাদ্দ।**

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের ০৯.১২.২০২১ খ্রিস্টাব্দের ৫১.০০.০০০০.৪২১.১৪.০৫৩.২১.৪৬৬ নং স্মারক এবং ১২.১২.২০২১ খ্রিস্টাব্দের ৫১.০০.০০০০.৪২১.১৪.০১৯.১৯.৪৭২ নং স্মারকের মঞ্জুরী আদেশের পরিপ্রেক্ষিতে "অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান" কর্মসূচির ২০২১-২০২২ অর্থ বছরের বাজেটে ১৬৫০ (এক হাজার ছয়শত পঞ্চাশ) কোটি টাকা বরাদ্দ আছে। উক্ত বরাদ্দ হতে ২০২১-২০২২ অর্থ বছরে ১ম পর্যায়ের কর্মসূচি বাস্তবায়নে নন-ওয়েজ কস্ট বাবদ ৩৫,১১,১৪,৯৭২/- (পয়ত্রিশ কোটি এগার লক্ষ চৌদ্দ হাজার নয়শত বাহাত্তর) টাকার মঞ্জুরি প্রদান করা হয়। মঞ্জুরিকৃত অর্থ হতে ১ম পর্যায়ের ঢাকা বিভাগের ০৬ (ছয়) টি জেলার ৪৩ (তেতাল্লিশ) টি উপজেলায় অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচির (ইজিপিপি) প্রকল্প বাস্তবায়নের নিমিত্ত নন-ওয়েজ কস্ট ব্যয় নির্বাহের জন্য ঢাকা বিভাগের সংশ্লিষ্ট জেলার উপজেলা নির্বাহী অফিসারগণের অনুকূলে ৩,৮৪,১৩,৮৩১/- (তিন কোটি চুরাশি লক্ষ তের হাজার আটশত একত্রিশ) টাকা নিম্নোক্ত উপজেলার পার্শ্বে প্রদত্ত বর্ণনা মোতাবেক নিম্নলিখিত শর্ত সাপেক্ষে এতদ্বারা খাতওয়ারী অর্থ বরাদ্দ প্রদান করা হলো।

২। সংশ্লিষ্ট উপজেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার বরাবর অথরিটি প্রেরণ করার জন্য চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, খাদ্য এবং দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়-কে অনুরোধ করা হলো।

৩। মঞ্জুরীকৃত চলতি ২০২১-২০২২ অর্থ বছরের বাজেটে বরাদ্দকৃত অর্থ কোড নং-১৪৯০১০১-১২০০০১৯১৩-অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান*৩৬৩১১০৭-বিশেষ অনুদান খাত হতে নির্বাহ করা হবে।

| ক্রমিক নং | বিভাগের নাম | জেলার নাম | | উপজেলার নাম | | ইউনিয়ন সংখ্যা | উপকারভোগীর সংখ্যা | নন-ওয়েজ কস্ট (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ঢাকা | ১ | গোপালগঞ্জ | ১ | গোপালগঞ্জ সদর | ২১ | ১,০৫৬ | ৭৭৫,৫৪৮ |
| | | | | ২ | কাশিয়ানী | ১৪ | ৮১৪ | ৫৯৭,৭১৬ |
| | | | | ৩ | কোটালীপাড়া | ১২ | ১,২০০ | ৮৮১,১৯৩ |
| | | | | ৪ | মোকসেদপুর | ১৬ | ১,৩১৯ | ৯৬৯,০২১ |
| | | | | ৫ | টুংগীপাড়া | ৫ | ৩৩৩ | ২৪৪,৫৮৩ |
| | | | মোট = | **৫** | | **৬৮** | **৪৭২২** | **৩৪৬৮০৬১** |
| | | ২ | কিশোরগঞ্জ | ৬ | অষ্টগ্রাম | ৮ | ১,৭৯৯ | ১,৩২১,১৪৬ |
| | | | | ৭ | বাজিতপুর | ১১ | ২,১৫৩ | ১,৫৮১,৬২১ |
| | | | | ৮ | ভৈরব | ৭ | ১,০২৩ | ৭৫১,৩০৮ |
| | | | | ৯ | হোসেনপুর | ৬ | ১,৭৯২ | ১,৩১৬,২২০ |
| | | | | ১০ | ইটনা | ৯ | ১,৮৭১ | ১,৩৭৪,৬৬৯ |
| | | | | ১১ | করিমগঞ্জ | ১১ | ২,৭৪০ | ২,০১২,৭৭৪ |
| | | | | ১২ | কটিয়াদি | ৯ | ৩,০৬৬ | ২,২৫২,০৫৪ |
| | | | | ১৩ | কিশোরগঞ্জ সদর | ১১ | ৩,৪১৮ | ২,৫১১,০৫৩ |
| | | | | ১৪ | কুলিয়ারচর | ৬ | ১,৭০০ | ১,২৪৮,৮৩৮ |
| | | | | ১৫ | মিঠামইন | ৭ | ১,৫৩২ | ১,১২৪,৯৯৫ |
| | | | | ১৬ | নিকলি | ৭ | ১,৪৩৭ | ১,০৫৫,৬০৯ |
| | | | | ১৭ | পাকুন্দিয়া | ৯ | ২,১৪৪ | ১,৫৭৪,৬০১ |
| | | | | ১৮ | তাড়াইল | ৭ | ১,৪৯৪ | ১,০৯৭,২৯২ |
| | | | মোট = | **১৩** | | **১০৮** | **২৬১৬৯** | **১৯২২২১৮০** |
| | | ৩ | মানিকগঞ্জ | ১৯ | দৌলতপুর | ৮ | ৯৫৯ | ৭০৪,১৪৮ |
| | | | | ২০ | হরিরামপুর | ১৩ | ৪৬১ | ৩৩৮,৮০৪ |
| | | | | ২১ | মানিকগঞ্জ সদর | ১০ | ৯০৩ | ৬৬৩,৬৩৮ |
| | | | | ২২ | সাটুরিয়া | ৯ | ৫১২ | ৩৭৫,৯০৩ |
| | | | | ২৩ | শিবালয় | ৭ | ৬১৫ | ৪৫১,৭০৬ |
| | | | | ২৪ | সিংগাইর | ১১ | ১,০০৬ | ৭৩৮,৭৯৭ |
| | | | মোট = | **৬** | | **৬৫** | **৪৪৫৬** | **৩২৭২৯৯৬** |
| | | ৪ | রাজবাড়ী | ২৫ | বালিয়াকান্দি | ৭ | ১,০৩৪ | ৭৫৯,২০১ |
| | | | | ২৬ | গোয়ালন্দ | ৪ | ৫০৮ | ৩৭৩,৫০৪ |
| | | | | ২৭ | কালুখালী | ৭ | ৬১৭ | ৪৫২,৮৮৩ |
| | | | | ২৮ | পাংশা | ১০ | ১,০৮০ | ৭৯৩,০৬০ |
| | | | | ২৯ | রাজবাড়ী সদর | ১৪ | ১,০১৮ | ৭৪৭,৫৯৭ |

| ক্রমিক নং | বিভাগের নাম | জেলার নাম | | উপজেলার নাম | | ইউনিয়ন সংখ্যা | উপকারভোগীর সংখ্যা | নন-ওয়েজ কস্ট (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | মোট = | ৫ | | ৪২ | ৪২৫৭ | ৩১২৬২৪৫ |
| | | ৫ | শরিয়তপুর | ৩০ | ভেদরগঞ্জ | ১৩ | ৯২৮ | ৬৮১,৪৯০ |
| | | | | ৩১ | গোসাইরহাট | ৮ | ৫৯২ | ৪৩৪,৯৯৯ |
| | | | | ৩২ | শরিয়তপুর সদর | ১১ | ৪৮০ | ৩৫২,৩০৫ |
| | | | | ৩৩ | জাজিরা | ১২ | ৫২১ | ৩৮২,৪৬৮ |
| | | | মোট = | ৪ | | **৬৫** | **২৫২১** | **১৮৫১২৬২** |
| | | ৬ | টাংগাইল | ৩৪ | ভূঁয়াপুর | ৬ | ৬৩৬ | ৪৬৭,০৭১ |
| | | | | ৩৫ | দেলদুয়ার | ৮ | ৬৬৫ | ৪৮৮,২৪৯ |
| | | | | ৩৬ | ধনবাড়ী | ৭ | ৫২১ | ৩৮৩,০৫৭ |
| | | | | ৩৭ | ঘাটাইল | ১৪ | ১,১৬৫ | ৮৫৫,৫৮১ |
| | | | | ৩৮ | গোপালপুর | ৭ | ৭১১ | ৫২২,৫২৪ |
| | | | | ৩৯ | কালিহাতী | ১৩ | ১,০৩৭ | ৭৬১,৭৮৫ |
| | | | | ৪০ | মধুপুর | ৬ | ১,২২০ | ৮৯৫,৯১৮ |
| | | | | ৪১ | মির্জাপুর | ১৪ | ১,১৩১ | ৮৩১,১৪২ |
| | | | | ৪২ | নাগরপুর | ১২ | ১,৬৪৩ | ১,২০৭,০৬২ |
| | | | | ৪৩ | টাংগাইল সদর | ১২ | ১,৪৪৪ | ১,০৬০,৬৯৮ |
| | | | মোট = | ১০ | | **১১৩** | **১০১৭৩** | **৭৪৭৩০৮৭** |
| | | সর্বমোট = | | ৪৩ | - | ৪৬১ | ৫২২৯৮ | ৩৮৪১৩৮৩১ |

৪। উপকারভোগীর মজুরি G2P পদ্ধতিতে পরিশোধ করা হবে। G2P পদ্ধতিতে মজুরি পরিশোধের লক্ষ্যে প্রত্যেক উপকারভোগীর নিজস্ব মোবাইল একাউন্ট থাকতে হবে। উক্ত মোবাইল নম্বরটি জাতীয় পরিচয়পত্রের সাথে সম্পৃক্ত থাকতে হবে।

৫। দৈনিক মজুরির হার ৪০০/- (চারশত) টাকা জবকার্ডে উল্লেখ করতে হবে।

৬। উপকারভোগী নির্বাচন ২০/১২/২০২১ খ্রিস্টাব্দের মধ্যে সম্পন্ন করতে হবে।

৭। জবকার্ড মূদ্রণ এর কাজ ২৬ ডিসেম্বর, ২০২১ খ্রিস্টাব্দের মধ্যে সম্পন্ন করতে হবে।

৮। কাজ শুরুর পূর্বে প্রকল্প তালিকা উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং উক্ত তালিকা দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে প্রেরণ করতে হবে।

৯। কর্মসূচি বাস্তবায়ন কার্যক্রম মাঠ পর্যায়ে যথাযথভাবে মনিটরিং এর জন্য সকল উপজেলায় সংশ্লিষ্ট ট্যাগ অফিসার ২৫%, পিআইও ৪০%, ইউএনও ১০%, ডিআরআরও ১০%, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর ১০%, ডিডিএলজি ৫% ইজিপিপি কাজের তদারকি করবেন। এ ছাড়া SMoDMRPA প্রকল্পের উপ-সহকারী প্রকৌশলী ১০০% কাজ তদারকি করবেন।

**<u>শর্তাবলী:</u>**

(ক) এ অর্থ ব্যয়ের ক্ষেত্রে বিদ্যমান সকল আর্থিক বিধি-বিধান ও নিয়মাচার যথাযথভাবে অনুসরণপূর্বক খরচের হিসাব সংরক্ষণ করতে হবে;

(খ) নীতিমালা বর্হিভূত কোন ব্যয় করা যাবে না;

(গ) কোন প্রকল্পের কাজ ৪০ (চল্লিশ) দিনের বেশি করা যাবে না এবং ৪০ (চল্লিশ) দিনের বেশি শ্রমিক মজুরি পরিশোধ করা যাবে না;

(ঘ) ১ম পর্যায়ের কাজের সময়সীমা ১লা জানুয়ারী/২০২২ হতে ২৮ ফেব্রুয়ারী/২০২২ খ্রিস্টাব্দের মধ্যে (৪০ দিন) অবশ্যই সম্পন্ন করতে হবে;

(ঙ) ইউনিয়ন বিভাজন মোতাবেক উপকারভোগী ও নন-ওয়েজ কস্ট বাবদ বরাদ্দ অনুসরণ করতে হবে, যা দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর এর ওয়েব সাইটে পাওয়া যাবে;

(চ) দারিদ্রতার হার ২৯% তদুর্দ্ধ উপজেলার প্রতি ইউনিয়নে সর্বোচ্চ ০৯ (নয়) টি এবং ২৯% নীচে উপজেলার প্রতি ইউনিয়নে সর্বোচ্চ ০৫ (পাঁচ) টি করে প্রকল্প গ্রহণ করা যাবে;

(ছ) কর্মসূচির ২য় পর্যায়ের কাজ বাস্তবায়নের নিমিত্ত ২য় পর্যায়ের বিভাজন প্রস্তাব দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ে প্রেরণের নিমিত্ত ১ম পর্যায়ের বরাদ্দকৃত অর্থের বিস্তারিত ব্যয় বিবরণী নির্দেশিকার ৩.৯ এর (ঢ) এবং ৬.৪ অনুযায়ী নির্ধারিত ছকে আগামী ০৭/০৩/২০২২ খ্রিস্টাব্দের মধ্যে অবশ্যই ১ম পর্যায়ের সমাপ্তি প্রতিবেদন দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে;

(জ) গত বছরে বন্যা ও চলতি বছরের বন্যা পরবর্তী রাস্তা-ঘাট মেরামত ও ভিটি উচুকরণের নিমিত্ত অগ্রাধিকারভিত্তিতে প্রকল্প গ্রহণ করা হবে;

(ঝ) ইজিপিপি কর্মসূচির অর্থ ছাড়ের শর্তাবলী অনুসরণপূর্বক প্রতি মাসে বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণের নিমিত্ত বাস্তবায়ন প্রতিবেদন প্রতি মাসের প্রথম সপ্তাহে এ অধিদপ্তরে অবশ্যই প্রেরণ করতে হবে;

(ঞ) অব্যয়িত অর্থ আগামী ২৮ ফেব্রুয়ারী, ২০২২ খ্রিস্টাব্দের মধ্যে ট্রেজারি চালানের মাধ্যমে সরকারি কোষাগারে (কোড নং-১-৪৯০১-০০০১-২৬৭১)-এ জমা দিয়ে চালানের সত্যায়ন (ইউএনও কর্তৃক) কপি অত্র অধিদপ্তরে প্রেরণ করতে হবে।

১০। এতে মহাপরিচালক মহোদয়ের সদয় অনুমোদন রয়েছে।

১৪.১২.২০২১

(মো. জসীম উদ্দিন)
(উপসচিব)
উপপরিচালক (কাবিখা-৩)
ফোন: ৪৮৮১০৯৯০
Email: ffwegppreport@gmail.com

স্মারক নং-৫১.০১.০০০০.১৯.০৯৬.০০৭.২১.৯০

তারিখ: ১৪ ডিসেম্বর, ২০২১খ্রি.
২৯ অগ্রহায়ন, ১৪২৮বা.

**অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
৪। বিভাগীয় কমিশনার, ঢাকা।
৫। পরিচালক, ............................................................................ (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
৬। উপসচিব (বাজেট), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [ibas++ এ অর্থ প্রেরণ নিশ্চিত করতে অনুরোধ করা হলো]।
৭। জেলা প্রশাসক, গোপালগঞ্জ/টাংগাইল/ শরিয়তপুর/রাজবাড়ী/মানিকগঞ্জ/কিশোরগঞ্জ।
৮। উপপরিচালক (বাজেট/হিসাব), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা (অর্থ iBAS++ এ এন্ট্রি দেয়ার অনুরোধসহ)।
৯। উপপরিচালক, ...................................................................... (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
১০। প্রকল্প পরিচালক, SMoDMRPA প্রকল্প, মহাখালী, ঢাকা।
১১। কম্পিউটার প্রোগ্রামার (আইটি), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা (পত্রটি অধিদপ্তরের ওয়েবসাইটে আপলোড করার অনুরোধ করা হলো)।
১২। উপজেলা নির্বাহী অফিসার, ..........................., গোপালগঞ্জ/টাংগাইল/ শরিয়তপুর/রাজবাড়ী/মানিকগঞ্জ/কিশোরগঞ্জ।
১৩। জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, গোপালগঞ্জ/টাংগাইল/ শরিয়তপুর/রাজবাড়ী/মানিকগঞ্জ/কিশোরগঞ্জ।
১৪। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, গোপালগঞ্জ/টাংগাইল/ শরিয়তপুর/রাজবাড়ী/মানিকগঞ্জ/কিশোরগঞ্জ [তাঁর উপজেলায় ইজিপিপি কর্মসূচি বাস্তবায়নের সমাপ্তি প্রতিবেদন (উপপরিচালক কাবিখা-৩, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী, ঢাকা) নির্ধারিত সময়ে প্রেরণ করার জন্য সংশ্লিষ্ট উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করার জন্য অনুরোধ করা হলো]।
১৫। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ..........................., গোপালগঞ্জ/টাংগাইল/ শরিয়তপুর/রাজবাড়ী/মানিকগঞ্জ/কিশোরগঞ্জ।
১৬। উপজেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, ...................., গোপালগঞ্জ/টাংগাইল/ শরিয়তপুর/রাজবাড়ী/মানিকগঞ্জ/কিশোরগঞ্জ।
১৭। সহকারী হিসাব রক্ষক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা (iBAS++ এ এন্ট্রি দেয়ার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
১৮। সংরক্ষণ নথি।

(মো. জসীম উদ্দিন)
(উপসচিব)
উপপরিচালক (কাবিখা-৩)
ফোন:৪৮৮১০৯৯০